# বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের "ট্যুরিজম মিডিয়া ফেলোশিপ নীতিমালা"

**(১) ভূমিকা:**

মিডিয়ার মাধ্যমে পর্যটন প্রচারণার গুরুত্ব বর্তমানে ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাচ্ছে। পর্যটন বিষয়ে সাধারণ মানুষের জানার আগ্রহ বিবেচনা করে এ সংক্রান্ত দায়িত্বশীল এবং যথার্থ সংবাদ পরিবেশনা অধিকতর গুরুত্বপূর্ণ ও জরুরী। সংবাদ পরিবেশনকারীর কলম এবং লেন্সের মাধ্যমে ভ্রমণ এবং পর্যটন সম্পর্কে সংবাদ প্রচার এবং মিডিয়া কর্মীগণের প্রচেষ্টার মূল্যায়ন করার উদ্দেশ্যে মিডিয়া ফেলোশিপ প্রবর্তন করা হয়। ফেলোশিপ সম্পর্কিত এই অপারেশনাল গাইডলাইনটি 'বিটিবি ট্যুরিজম মিডিয়া ফেলোশীপ নীতিমালা' নামে পরিচিত, যেখানে নিয়মতান্ত্রিক ও সাশ্রয়ী উপায়ে ফেলোশিপ প্রোগ্রাম আয়োজনের কর্মপরিকল্পনা, ব্যবস্থাপনা ও বাস্তবায়নের দিকনির্দেশনা থাকবে।

**(২) সংজ্ঞা:**

২.১ "ট্যুরিজম মিডিয়া ফেলোশিপ" অর্থ বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (জাতীয় পর্যটন সংস্থা) কর্তৃক পর্যটন ও এর সাথে সম্পর্কিত বিষয়ে উচ্চমানের প্রতিবেদন এবং লেখার মাধ্যমে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সংশ্লিষ্ট সাংবাদিকদের সম্মানিত করার একটি ফেলোশিপ।

২.২ মুল্যায়ন কমিটি: (১) সাংবাদিক, ট্যুর অপারেটর/পর্যটন বিশেষজ্ঞ, ভ্রমণ লেখক, এবং সরকারী কর্মকর্তার সমন্বয়ে গঠিত একটি প্যানেল যারা মিডিয়া ফেলোশিপের প্রার্থীদের দাখিলকৃত সমস্ত আবেদন যাচাই-বাছাই ও মূল্যায়ন করে ফেলোশিপের জন্য সুপারিশ করবেন।

২.৩ মেন্টর বা পরামর্শদাতা: পরামর্শদাতার অর্থ এক বা একাধিক অভিজ্ঞ এবং বিশ্বস্ত পরামর্শদাতা যারা মিডিয়া ফেলোশিপের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রয়োজনীয় পরামর্শ বা প্রশিক্ষণ দেবেন।

২.৪ মেন্টরশীপ: মেন্টরশীপ বলতে ভ্রমণ ও পর্যটন বিষয়ে লেখা ও প্রতিবেদনের তৈরির কার্যক্রম বৃদ্ধি এবং অভিজ্ঞতা অর্জনের জন্য পরামর্শদাতা কর্তৃক প্রদত্ত পরামর্শ/নির্দেশনাকে বুঝাবে যা আবেদনকারীর মিডিয়া ফেলোশিপ অর্জনের পথকে সহজতর করে তুলবে।

২.৫ ভ্রমণ ও পর্যটন সাংবাদিক: ভ্রমণ ও পর্যটন সাংবাদিক বলতে সরকার কর্তৃক স্বীকৃত ও নিবন্ধিত মিডিয়াতে কাজ করেন এমন সাংবাদিকদের বোঝায় যারা ভ্রমণ এবং পর্যটন সম্পর্কিত বিষয় বা ইস্যু নিয়ে অনুসন্ধানমূলক প্রতিবেদন লিখেন এবং প্রস্তুত করেন এবং তা প্রকাশিত বা প্রচারিত হয়।

**(৩) ফেলোশিপ প্রোগ্রামের সুযোগ:**

মিডিয়া সাংবাদিকদের পর্যটন বিষয়ে কাজ করার মাধ্যমে বাংলাদেশের পর্যটন শিল্পকে সুন্দরভাবে উপস্থাপন ও উন্নত করার অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) প্রতিবছর ফেলোশিপ প্রোগ্রাম আয়োজনের মাধ্যমে তাদের সক্রিয়ভাবে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দেবে। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটির সুপারিশ অনুসারে দেশ-বিদেশের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ১৫ জন সম্ভাব্য সাংবাদিককে (১০ টি জাতীয় ও ৫ জন আন্তর্জাতিক) এই ফেলোশিপ প্রদান করা হবে। এই ফেলোশিপের মাধ্যমে পর্যটন বিষয়ে মিডিয়া পেশাজীবীদের উৎসাহিত করার মাধ্যমে পর্যটন বিষয়ক প্রত্যাশিত এবং সমাধান-ভিত্তিক নিউজ তৈরি ও প্রচারকে উৎসাহিত করা হবে।

**(৪) উদ্দেশ্য:**

ফেলোশিপ প্রোগ্রামের অধীনে প্রিন্ট এবং ইলেকট্রনিক উভয় মাধ্যমে প্রচারিত প্রতিবেদন সামগ্রিকভাবে পর্যটন শিল্পের বিকাশে আরও বেশী অবদান রাখতে পর্যটন সম্পর্কিত নীতি নির্ধারক, অংশীজন এবং কমিউনিটিকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে নিম্নবর্ণিত উদ্দেশ্যে মিডিয়া ফেলোশিপ প্রদান করা হবে।

ক) ভ্রমণ এবং ভ্রমণ বিষয়ে প্রতিবেদন প্রকাশে মিডিয়া পেশাজীবীদের উৎসাহিত করা;
খ) পর্যটন বিকাশের সমস্যা এবং সম্ভাবনা চিহ্নিতকরণ;
গ) দায়িত্বশীল পর্যটন নিশ্চিত করার জন্য পর্যটন সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা;
ঘ) পর্যটনের টেকসই উন্নয়নে সাধারণ মানুষকে সংবেদনশীল করা;
ঙ) সমন্বিত পর্যটন বিকাশের নীতি নির্ধারণের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণে সহায়তা করা;
চ) বাংলাদেশের পর্যটন সম্পর্কিত প্রচারমূলক কার্যক্রম পরিচালনা করা।

**(৫) ফেলোশিপ প্রাপ্তির যোগ্যতা:**

বাংলাদেশী নাগরিকদের জন্য (সাংবাদিক এবং ভ্রমণ লেখক)-

ক) ফেলোশিপের জন্য আবেদনের আগে ভ্রমণ ও পর্যটন সাংবাদিকতায় কমপক্ষে ৩ বছরের পেশাগত অভিজ্ঞতা;
খ) বাংলাদেশ সরকার এর নির্ধারিত প্রতিষ্ঠান/এজেন্সি কর্তৃক নিবন্ধিত কোনও প্রিন্ট বা ইলেক্ট্রনিক মিডিয়াতে কর্মরত বাংলাদেশি সংবাদিক;
গ) কর্মরত মিডিয়া কর্তৃক প্রদত্ত সাংবাদিক হিসাবে পরিচয় কার্ড থাকা;
ঘ) ফেলোশিপের সমস্ত প্রাসঙ্গিক নির্দেশিকা এবং প্রত্যাশা মেনে চলতে সম্মত থাকা;
ঙ) বিজ্ঞাপনে উল্লিখিত প্রামাণিক দলিলাদির মাধ্যমে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করা।
চ) মূল্যায়ন কমিটির নিকট সাক্ষাৎকারে অংশগ্রহণ করা;

বিদেশী নাগরিকদের জন্য (সাংবাদিক এবং ভ্রমণ লেখক)-

ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা (সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ দূতাবাস);
খ) যে মিডিয়ার জন্য কাজ করেছেন তার সাংবাদিক হিসাবে পরিচয় পত্র থাকা;
গ) ফেলোশিপের সমস্ত প্রাসঙ্গিক নির্দেশিকা এবং প্রত্যাশা মেনে চলতে সম্মত থাকা;
ঘ) বিজ্ঞাপনে উল্লিখিত প্রামাণিক দলিলাদির সাহায্যে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করা।

**(৬) পর্যটন ফেলোশিপ এর সংখ্যা এবং পরিমাণ:**

(ক) ১০ জন বাংলাদেশী ও ৫ জন বিদেশী/আন্তর্জাতিক সাংবাদিকসহ মোট ১৫ জন সাংবাদিককে ফেলোশিপ প্রদান;
(ক) ফেলোশিপের সম্মানির পরিমাণ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা প্রতিটি বা তার সমপরিমান বিদেশী মুদ্রা;
(গ) বিদেশী সাংবাদিককে আলাদাভাবে পুরস্কৃত করা হবে এবং তাদের পুরস্কৃত অর্থ সংশ্লিষ্ট হাই কমিশনের মাধ্যমে ডলারে পরিশোধ;

**(৭) ফেলোশিপের জন্য বাজেট:**

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড সরকারের আর্থিক বিধি ও আইন অনুযায়ী সমস্ত ব্যয় বহন করবে। বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে সরকারি রাজস্ব বাজেট থেকে এ কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট প্রস্তুত এবং অনুমোদন করবে। কর্মসূচির বিভিন্ন কার্যক্রমের নীতিমালা এবং বাজেটের রূপরেখার একটি নির্দেশিকা পরিশিষ্ট-৩ এ দেয়া হয়েছে। সমস্ত ব্যয় প্রাসঙ্গিক নথি ধারা এবং সরকারী বিধি ও আইন অনুসারে সমর্থিত হবে।

**(৮) বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের মিডিয়া ফেলোশিপের জন্য আবেদন প্রক্রিয়া:**

(১) দুটি জাতীয় দৈনিক পত্রিকায় (একটি ইংরেজি ও একটি বাংলা) এবং বিটিবি ওয়েবসাইটের নোটিশ বোর্ডে মিডিয়া ফেলোশিপ আবেদন আহবান করা হবে।
(২) আগ্রহী/যোগ্য প্রার্থী বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত অনলাইন ফর্ম পূরণের মাধ্যমে আবেদন করবে।
(৩) ফেলোশিপের জন্য আগ্রহী প্রার্থীরা ফরমটি পূরণ করবেন এবং বিজ্ঞাপনে উল্লেখিত নির্দিষ্ট সময়। তারিখের মধ্যে জমা দেবেন।
(৪) ফেলোশিপের জন্য আগ্রহী বিদেশী নাগরিকগণের জন্য সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনার/কনস্যুলার অফিসে নোটিশ সরবরাহ করা হবে।
(৫) বিদেশী প্রার্থীকে অবশ্যই স্বদেশে বাংলাদেশের দূতাবাস/কনস্যুলার অফিসের মাধ্যমে আবেদন করতে হবে এবং এক দেশের নাগরিক অন্য দেশ থেকে আবেদন করতে পারবেন না।

**(৯) পদ্ধতি:**

অনলাইনে আবেদন জমা দিতে হবে। মূল্যায়ন কমিটি (মূল্যায়ন কমিটি গঠন পরিশিষ্ট -১ এ দেওয়া হয়েছে) আবেদনকারীদের সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানাবে। বিদেশি আবেদনকারীদের অনলাইনে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীদের ফেলোশিপ ওরিয়েন্টেশন/ব্রিফিং অধিবেশনে অংশগ্রণের জন্য আমন্ত্রণ জানানো হবে। নির্বাচিত ফেলোদের দেশের উল্লেখযোগ্য পর্যটন সাইটগুলিতে ফিল্ড ভিজিট করতে হবে। প্রকাশিত/প্রচারিত রিপোর্টগুলি বাংলাদেশের পর্যটন শিল্প প্রসারে অবদান রাখার উপযোগী হবে।

নির্বাচিত প্রার্থীরা তাদের কমপক্ষে তিনটি প্রতিবেদন, ফিচার বা পর্যটন বিষয়ক বিশ্লেষণাত্মক লেখা প্রকাশ বা প্রচার করবেন। মূল্যায়ন কমিটি এবং নির্বাচিত সাংবাদিকগণের মধ্যে আলোচনার ভিত্তিতে নিউজ এর বিষয়বস্তু বাছাই করা হবে।

লেখা প্রস্তুত, চূড়ান্তকরণ, গল্পের উৎস এবং সাংবাদিকদের মধ্যে সমন্বয় সাধন, প্রতিবেদন নির্বাচন, পর্যবেক্ষণ, বিশ্লেষণ এবং প্রতিবেদনের মূল্যায়ন নিশ্চিতকরণে পরামর্শদাতা/মেন্টর প্যানেল দিকনির্দেশনা প্রদান করবে (পরিশিষ্ট -২)।

ফেলোশিপের আওতায় প্রকাশিত নিবন্ধন বা প্রতিবেদনগুলি অন্য কোথাও প্রকাশ বা উপস্থাপন করার ক্ষেত্রে অবশ্যই বিটিবি ফেলোদের স্বীকৃতি দিতে হবে। ফেলোশিপ পরবর্তীতে প্রকাশিত নিবন্ধনগুলি/প্রতিবেদনগুলি বিটিবি'র ও ফেলোগণের যৌথ সম্পত্তি হবে। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ফেলোগণকে যথাযথ স্বীকৃতি প্রদান করে ফেলোশিপ প্রোগ্রামের আওতায় যে কোন বিষয়ের পুনঃনির্মাণের সমস্ত অধিকার সংরক্ষণ করবে। ফেলোশিপ সমাপ্ত হওয়ার পরবর্তীতে ফেলোদের নিকট বাংলাদেশ পর্যটন শিল্পের প্রচার ও প্রসার, প্রমোট ও সচেতনতা তৈরিতে অবদান রাখবে।

**(১০) প্রকাশনা এবং ডকুমেন্টেশন:**

বিটিবি ফেলোশিপ প্রোগ্রামের সমস্ত প্রতিবেদন সংকলন করে একটি প্রকাশনা প্রকাশ করবে। সরকারি বিধি অনুসারে প্রকাশনাটির ডিজাইনিং ও প্রিন্টিং এর দায়িত্বে থাকবে বিটিবি। দায়িত্ব পালনের জন্য দায়বদ্ধ প্রতিটি পক্ষ বিটিবির সংশ্লিষ্ট বিভাগে নথি সরবরাহ করতে দায়বদ্ধ থাকবে।

**(১১) শেয়ার:**

বিটিবি পর্যটন খাতের অন্যান্য অংশীদারদের সাথে ফেলোশিপ কর্মসূচির ফলাফল ভাগ করে নেবে। তার জন্য বিটিবি রাজধানীর একটি উপযুক্ত ভেন্যুতে পর্যটন সম্পর্কিত স্টেকহোল্ডারদের উপস্থিতিতে একটি ফেলোশিপ পুরস্কার ও সনদ বিতরণ অনুষ্ঠানের আয়োজন ককরবে।

**(১২) পরিসমাপ্তি, পরিবর্তন ইত্যাদি:**

বিটিবি এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে এর যে কোনও নির্দেশনা যুক্ত করার, সমন্বয় করার, সংশোধন করার, উন্নতি করার, এমনকি গাইডলাইনটির পরিসমাপ্তি ঘোষণার অধিকার সংরক্ষণ করে।

**পরিশিষ্ট-১**

মূল্যায়ন কমিটি গঠন:

মূল্যায়ন কমিটি ০৯ (নয়) সদস্য সমন্বয়ে গঠিত হবে। মূল্যায়ন কমিটির রূপরেখা নিম্নরূপ হবে-

| | |
|---|---|
| ১. পরিচালক (বিপণন, পরিকল্পনা ও গবেষণা), বাংলাদেশ ট্যুরিজম বার্ড | আহ্বায়ক/সভাপতি |
| ২. প্রতিনিধি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. চেয়ারম্যান/অধ্যাপক, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৪. প্রতিনিধি, ট্যুর অপারেটর এসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব) | সদস্য |
| ৫. ভ্রমণ ও পর্যটন বিষয়ে ০২ (দুই) জন বিশেষজ্ঞ সাংবাদিক | সদস্য |
| ৬. এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (আটাব) | সদস্য |
| ৭. সহকারী পরিচালক (জনসংযোগ), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | সদস্য |
| ৮. উপ-পরিচালক (বিপণন ও জনসংযোগ) বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | সদস্য সচিব |

কমিটি এক বা একাধিক সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।

**পরিশিষ্ট-২**

মেন্টরশিপ গঠন:

প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের একজন প্রতিনিধি এবং ভ্রমণ ও পর্যটন বিষয়ে ০২ (দুই) জন বিশেষজ্ঞ সাংবাদিক।

**কর্মপরিকল্পনা এবং প্রযোজ্য বাজেটের রূপরেখা:**

| ক্রম. | কার্যাবলি | বাস্তবায়নকারী | সময় |
|---|---|---|---|
| ১ | প্রতি বছর ফেলোশিপ প্রদানের উপলক্ষে বাংলা ও ইংরেজী দুটি জাতীয় দৈনিক পত্রিকা, বিটিবি ওয়েবসাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে আবেদনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ | বিটিবি | শুরুর তারিখ |
| ২ | আবেদন জমা | বিটিবি | ১৫ দিন |
| ৩ | ওপেনিং ও রেজ্যুলেশন | ওপেনিং/ মূল্যায়ন কমিটি | ৫ দিন |
| ৪ | আবেদন বাছাই এবং প্রাথমিক স্ক্রিনিং এবং সাক্ষাৎকার | মূল্যায়ন কমিটি | ১৪ দিন |
| ৫ | ওরিয়েন্টশন / ব্রিফিং সেশন (প্রতিবেদনের বিষয় ও ফিল্ড ভিজিটের জন্য স্থান নির্বাচন এবং তথ্যসংগ্রহ পদ্ধতি আলোচনা) | মূল্যায়ন কমিটি | ৭ দিন |
| ৬ | মেন্টরশীপ | প্রতিবেদন তৈরি, চূড়ান্তকরণ, প্রতিবেদন কারী ও সোর্সের সাথে সমন্বয়, মনিটরিং, রিপোর্ট বাছাই, রিপোর্ট প্রকাশ নিশ্চিতকরণ, প্রতিবেদন বিশ্লেষণ ও মূল্যায়ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান। | ৪৫ দিন |
| ৭ | প্রকাশনা | বিষয়বস্তু নির্ধারণ ফটোগ্রাফ এবং ডিজাইন, মুদ্রণ, বিতরণ ইত্যাদি | ৭ দিন |
| ৮ | পুরস্কার | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | ১৪ দিন |
| ৯ | পুরস্কার বিতরণী অনুষ্ঠান | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | |
| | ভেন্যুভাড়া | | |
| | সদনপত্র | | |
| | আমন্ত্রণপত্র তৈরি এবং বিতরণ | | |
| | ব্যানার, ফুল, সাজসজ্জা, ফোল্ডার, প্রজেক্টর | | |
| | খাবার | | |
| ১০ | ডকুমেন্টেশন | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | ৭দিন |
| ১১ | অন্যান্য | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | |
| ১২ | ফলো-আপ প্রতিবেদন | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | পরবর্তী বছর |

উদ্দিন

বোর্ড